গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঞা, ফেনী।

Web: www.imc.edu.bd, E-mail: info@imc.edu.bd,

স্মারক নং : আই এম গভ সি/ তারিখ: ২৯/০৭/২০২৫ খ্রি

# ২০২৫ - ২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের - ২৪/০৭/২০২৫খ্রি: -এর পত্র মোতাবেক ২০২৫ - ২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা - ২০২৫ অনুসারে সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ একাদশ শ্রেণির (সাধারণ শাখা) মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির আবেদন **৩০/০৭/২০২৫ খ্রি: থেকে শুরু হবে** এবং একাদশ শ্রেণি (বি,এম,টি) শাখার ভর্তির আবেদন **৩০/০৭/২০২৫ খ্রি: থেকে শুরু হবে।**

০১। প্রাথমিক আবেদনের যোগ্যতা: (সাধারণ শাখা) ও কলেজ EIIN:

| বিভাগ | জি,পি,এ |
|---|---|
| মানবিক | ২.০০ |
| বিজ্ঞান | ৩.০০ |
| ব্যবসায় শিক্ষা | ২.৫০ |

| শাখা | কলেজ EIIN / CODE |
|---|---|
| সাধারণ | 106553 |
| বি.এম.টি. | 69013 |

০২। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন :

২.১ ২০২৩,২০২৪,২০২৫ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩,২০২৪,২০২৫ সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/ সমমানের প্রতিষ্ঠানের একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে। এছাড়া উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে চলতি বছরে উত্তীর্ণ, শিক্ষার্থীসহ অন্যান্য বছরের শিক্ষার্থীরাও ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে।

২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে:

২.৩.১ বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান , মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;

২.৩.২ মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং

২.৩.৩ ব্যবসায় গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি;

২.৩.৪ মাদরাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি।

২.৩.৫ বি.এম.টি শাখায় ভর্তির যোগ্যতা- যেকোন গ্রুপ থেকে এস.এস.সি ও সমমানের পরীক্ষায় পাস।

০৩। অনলাইনে ভর্তি :

৩.১ শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনের মাধ্যম আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা : www.xiclassadmission.gov.bd

৩.২ শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ)টি কলেজ সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে;

৩.৩ যে কোন কোটায় আবেদনকৃত শিক্ষার্থীদের যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে।

৩.৪ বি.এম.টি শাখায় আবেদনের জন্য ওয়েবসাইটের ঠিকানা: www.btebadmission.gov.bd

৩.৫ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃত শিক্ষার্থীদের অবশ্যই মুক্তিযোদ্ধার সম্পর্কের সঠিক তথ্যাদি প্রদান করতে হবে।



২৯/০৭/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঞা, ফেনী।

Web: www.imc.edu.bd , E-mail: info@imc.edu.bd.

স্মারক নং : আই এম গভ সি/

তারিখ: ২৯/০৭/২০২৫ খ্রি

০৪। ভর্তির আবেদন , ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু :

| বিষয় | তারিখ |
|---|---|
| ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহন (যারা পুন: নিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ে মধ্যে আবেদন করতে হবে) অনলাইনে আবদেনগুলো শিক্ষার্থীর পছন্দক্রম অনযায়ী অটো মাইগ্রেশন প্রযোজ্য। | ৩০/০৭/২০২৫ খ্রি: বুধবার থেকে ১১/০৮/২০২৫ খ্রি: সোমবার পর্যন্ত |
| | |
| আবেদন যাচাই বাছাই ও আপত্তি নিস্পত্তি | ১২/০৮/২০২৫ খ্রি: (মঙ্গলবার) |
| শুধুমাত্র পুন: নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১৩/০৮/২০২৫ খ্রি: (বুধবার) থেকে ১৪/০৮/২০২৫ খ্রি: (বৃহস্পতিবার) |
| পছন্দক্রম পরিবর্তনের সময় | ১৫/০৮/২০২৫ খ্রি: (শুক্রবার) |
| ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২০/০৮/২০২৫ খ্রি: (বুধবার রাত ৮.০০টায়) |
| | |
| শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ে নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে। | ফল প্রকাশের পর থেকে ২২/০৮/২০২৫খ্রি: (শুক্রবার রাত : ৮.০০ টা পর্যন্ত) |
| নিশ্চায়ন ফি - ৩৩৫/- | |
| ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ২৩/০৮/২০২৫ (শনিবার) থেকে ২৫/০৮/২০২৫ খ্রি: ( সোমবার রাত ৮.০০ টা পর্যন্ত) |
| পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ২৮/০৮/২০২৫ খ্রি: (বৃহস্পতিবার রাত ৮.০০ টায়) |
| ২য় পর্যায়ে আবেদনের ফল প্রকাশ | ২৮/০৮/২০২৫ খ্রি: (বৃহস্পতিবার রাত ৮.০০ টায়) |
| ২য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ে নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ২৯/০৮/২০২৫ খ্রি: (শুক্রবার) থেকে ৩০/০৮/২০২৫ (শনিবার রাত ৮.০০ টা পর্যন্ত) |
| ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ৩১/০৮/২০২৫ খ্রি: (রবিবার) থেকে ০১/০৯/২০২৫ খ্রি: (সোমাবার) |
| পছন্দক্রমে অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৩/০৯/২০২৫ খ্রি: (বুধবার রাত ৮.০০ টায়) |
| ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৩/০৯/২০২৫ খ্রি: (বুধবার রাত ৮.০০ টায়) |
| ৩য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ে নির্বাচন এবং আবেদন বাতিল হবে ) | ০৪/০৯/২০২৫ খ্রি: (বৃহস্পতিবার রাত ৮.০০ টা পর্যন্ত) |
| | |
| ভর্তি | ০৭/০৯/২০২৫ খ্রি: (রবিবার) থেকে ১৪/০৯/২০২৫ (রবিবার |
| ক্লাস শুরু | ১৫ সেপ্টেম্বর,২০২৫ ( সোমবার) |

****** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং কুমিল্লা শিক্ষা বোর্ডে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক নির্ধারিত তারিখ ও নির্দেশনা অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। তাই সকল যোগ্য ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নির্দেশিত ওয়েব সাইট (সাধারণ শাখা- xiclassadmission.gov.bd এবং বি.এম.টি. শাখা- www.btebadmission.gov.bd) এ নির্দিষ্ট তারিখ অনুযায়ী আবেদন করার জন্য বলা যাচ্ছে।

২৯/৭/২৫
আহবায়ক
একাদশ শ্রেণির ভর্তি পরিচালনা কমিটি
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঁইয়া, ফেনী।

২৯/৭/২৫
অধ্যক্ষ
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঁইয়া, ফেনী।